গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ময়মনসিংহ
দিঘারকান্দা (ঢাকা বাইপাস রোড), ময়মনসিংহ সদর, ময়মনসিংহ
www.mymensinghvat.gov.bd

স্মারক নং: ০৮.০১.০০০০.০৩৮.০০২.৮৬.০০১৯.২৬/৪৩৪

তারিখ: ০৮/১১/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের পত্র নং- ০৮.০০.০০০০.০০০. ০৩৮.১১.০০০১.২৫.৫৬, তারিখ: ২০/০৪/২০২৬খ্রি. ও পত্র নং: ০৮.০০.০০০০.০০০.০৩৮.১১.০০০১.২৫.১৮৫, তারিখ: ২০/০৮/২০২৬ খ্রি. এর অনুমোদন অনুযায়ী কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ময়মনসিংহ এর ১৩-২০ তম গ্রেডের শূন্য পদের বিপরীতে নিম্নোক্ত পদের প্রার্থীগণের লিখিত পরীক্ষা আগামী ১৪.১১.২০২৬ খ্রি. তারিখ সকাল ৯:৩০ ঘটিকায় নিম্নে উল্লিখিত কলেজে অনুষ্ঠিত হবে। উক্ত পদে আবেদনকারী প্রার্থীদের https://cevmym.teletalk.com.bd ব্যবহার করে ০৯.১১.২০২৬ খ্রি. দুপুর হতে প্রবেশপত্র Download করে রঙিন প্রিন্ট কপি রাখার জন্য অনুরোধ করা হলো:

পদের নাম	রোল নম্বর	পরীক্ষার কেন্দ্র
কম্পিউটার অপারেটর	১১০০০০০১ হতে ১১০০০৫১৬	মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ
ডাটা এন্ট্রি অপারেটর	১৩০০০০০১ হতে ১৩০০০৬৭৪	
অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১৪০০০০০১ হতে ১৪০০২৩০০	
উচ্চমান সহকারী	১২০০০০০১ হতে ১২০০৪৯১৯	আনন্দ মোহন কলেজ, ময়মনসিংহ
অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	১৪০০২৩০১ হতে ১৪০০৪৯২০	

পরীক্ষার্থীদের জন্য নির্দেশনা

০১) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য এ প্রবেশপত্রটি অবশ্যই রঙিন প্রিন্ট করে সাথে আনতে হবে। প্রবেশপত্র ব্যতিরেকে কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেওয়া হবে না। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য পৃথক কোনো প্রবেশপত্র প্রদান করা হবে না;

০২) লিখিত পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে এবং লিখিত পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কক্ষ ত্যাগ করা যাবে না। লিখিত পরীক্ষা শুরুর পর কোনো পরীক্ষার্থী কেন্দ্রে প্রবেশ করতে পারবে না।

০৩) হাজিরা তালিকার স্বাক্ষর ও উত্তরপত্রের স্বাক্ষরের সাথে প্রার্থীর আবেদনপত্রের স্বাক্ষরের মিল থাকতে হবে;

০৪) পরীক্ষার্থীদের অবশ্যই কালো কালির বল পয়েন্ট কলম ব্যবহার ও সরবরাহকৃত উত্তরপত্র/খাতার মধ্যেই লেখা সম্পন্ন করতে হবে। অতিরিক্ত কোন খাতা বা কাগজ সরবরাহ করা হবে না এবং ব্যবহৃত প্রশ্নপত্র খাতার সাথে অবশ্যই জমা দিতে হবে;

০৫) পরীক্ষার কেন্দ্রে মোবাইল ফোন, ইলেকট্রনিক ঘড়ি বা অন্য কোনো ডিভাইস, বই-পুস্তক, উত্তরপত্র/নোট, ক্যালকুলেটর, ব্যাগ/পার্স, অলঙ্কার ইত্যাদি নিয়ে প্রবেশ করা যাবে না;

০৬) পরীক্ষা চলাকালে কোনো প্রকার অসদাচরণ অথবা অসদুপায় অবলম্বন করলে প্রার্থীর উত্তরপত্র বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৭) পরীক্ষার কেন্দ্রে AI ক্যামেরার মাধ্যমে পরীক্ষার্থীর ছবি তোলা/সংরক্ষণ/আবেদনপত্রের ছবির সাথে যাচাই করা হবে বিধায় ভূয়া পরীক্ষার্থী পাওয়া গেলে উক্ত পরীক্ষার্থীর উত্তরপত্র বাতিলসহ পরবর্তী ফৌজদারী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;

০৮) অনিবার্য কারণবশত কর্তৃপক্ষ পরীক্ষার দিন, তারিখ, সময়, ও কেন্দ্র/ভেন্যু পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন। পরিবর্তন করা হলে পরিবর্তিত দিন তারিখ, সময় ও কেন্দ্র/ভেন্যু ইত্যাদি কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ময়মনসিংহ এর ওয়েবসাইট www.mymensinghvat.gov.bd এর মাধ্যমে ও পরীক্ষার্থীর অনলাইনে আবেদনে প্রদত্ত মোবাইল নম্বরে এস এম এস এর মাধ্যমে জানানো হবে;

০৯) শুধু লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণ করবেন এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করবেন। ব্যবহারিক পরীক্ষার স্থান ও সময় কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ময়মনসিংহ এর ওয়েবসাইট www.mymensinghvat.gov.bd এর মাধ্যমে জানানো হবে;

১০) মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদ, জাতীয় পরিচয়পত্রের মূল কপি, নিজ জেলার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর সনদ/প্রত্যয়ন পত্রের মূল কপি এবং কোটার প্রার্থীদের সরকারি সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ পত্র/প্রত্যয়ন পত্রের মূল কপি প্রদর্শনপূর্বক সকল সনদ/প্রত্যয়ন পত্রের ১ (এক) সেট ফটোকপি দাখিল করতে হবে;

১১) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না; এবং

১২) কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত যে কোনো সিদ্ধান্ত গ্রহণ/পরিবর্তনের অধিকার সংরক্ষণ করেন।

০৮/১১/২০২৬

(মোঃ শামসুল আরেফিন খান)
অতিরিক্ত কমিশনার
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি

CamScanner